গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৮ - জুন ৩০, ২০১৯

## সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৯

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........ ২০

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ২৫

## মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় পরিবেশ সংরক্ষণ ও ওজোন স্তর সুরক্ষায় গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতিস্বরূপ বাংলাদেশ মন্ট্রিল প্রটোকলের আওতায় ২৯তম নির্বাহী বোর্ডে Certificate of Appreciation অর্জন করে। বাংলাদেশ সাউথ এশিয়া কো-অপারেটিভ এনভায়রনমেন্ট প্রোগ্রাম SACEP এর নির্বাহি বোর্ডের ভাইস প্রেসিডেন্ট নির্বাচিত হয়েছে। প্রতিবেশগত সংকটাপন্ন এলাকাসমূহ সংরক্ষণে বাংলাদেশ জীববৈচিত্র্য আইন ২০১৭, হরিণ ও হাতি লালন-পালন বিধিমালা-২০১৭ এবং প্রতিবেশগত সংকটাপন্ন এলাকা ব্যবস্থাপনা বিধিমালা ২০১৬ প্রণয়ন করা হয়েছে। সুন্দরবনসহ মোট ১৫টি রক্ষিত এলাকার ২০০৯-২০১৬ পর্যন্ত কার্বন জরিপ (২৫৬ মেগাটন) সম্পন্ন হয়েছে। বিগত ৩ বৎসরে ১০৩৫৬ হেক্টর ব্লক, ৩৮৫০ কিমি স্ট্রীপ বাগান সৃজন এবং সামাজিক বনায়নে ৩৭০০০ সুবিধাভোগীকে ১৫৯৯২০০০০০ টাকা লভ্যাংশ বিতরণ করা হয়। বাংলাদেশ ২০১৪-২০১৭ বছরে ১১,৪৫৪ মে:টন রাবার রপ্তানী করে ১,৬৩,০৪,২৫৮ মা:ড: অর্জন করে এবং প্রাকৃতিক রাবার উৎপাদনকারী দেশ হিসেবে ১২তম সদস্য নির্বাচিত হয়। টিস্যু কালচার পদ্ধতিতে ৬টি বনজ, ১টি ফলজ বৃক্ষ, ১৪টি বাঁশ প্রজাতির বংশ বৃদ্ধির কৌশল উদ্ভাবন করা হয়েছে। জলবায়ু পরিবর্তনের নেতিবাচক অভিঘাত মোকাবেলায় বর্তমান সরকারের গৃহীত উদ্যোগের স্বীকৃতিস্বরূপ মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে "Champions of the Earth"-এ ভূষিত করা হয়। জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবেলায় লাগসই প্রকল্প গ্রহণের নিমিত্ত কান্ট্রি ইনভেস্টমেন্ট প্ল্যান (CIP) ২০১৬-২০২১ প্রণয়ন করা হয়েছে। বৈশ্বিক জলবায়ু পরিবর্তনের প্রেক্ষাপটে কর্মপরিধি বিবেচনায় মন্ত্রণালয়ের নাম পরিবর্তন করে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

পরিবেশ দূষণকারী ইটভাটা, শিল্প-প্রতিষ্ঠানের বিরুদ্ধে মামলাজনিত জটিলতা ও জনবল সংকটের কারণে যথাযথভাবে এনফোর্সমেন্ট কার্যক্রম পরিচালনা; দেশে উৎপাদিত রাবার ক্রয়ে ১৫% ভ্যাট ও ৯% ট্যাক্স পরিশোধ করতে হয় অথচ মাত্র ৫% শুল্কে রাবার আমদানী করা সম্ভব, ফলে সরকারিভাবে উৎপাদিত রাবার খাতের বিকাশ ব্যাহত হচ্ছে; বন সেক্টরে মামলাজনিত কারণে জনবল নিয়োগে জটিলতা, শিল্পায়ন, অবকাঠামো উন্নয়ন, জবর দখল, জরিপ-উত্তর মালিকানা দাবী, জীর্ণ অবকাঠামো, মেরামত ও সংরক্ষণ খাতে তহবিল স্বল্পতা; মন্ত্রণালয়ে অপ্রতুল বসার স্থান (Office Space)।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

জলবায়ু পরিবর্তনের অভিঘাত মোকাবেলার সামর্থ্য বৃদ্ধি ও জাতীয় অভিযোজন পরিকল্পনা (NAP) প্রণয়ন; মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থার জনবলসহ প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি, শতভাগ শিল্প-কলকারখানাকে পরিবেশ আইন প্রতিপালনের আওতায় আনা; সকল জেলায় পরিবেশ অধিদপ্তরের অফিস স্থাপন; ২০২২ সালের মধ্যে দেশে বৃক্ষাচ্ছদন ২৪% এ উন্নীত করা; বিএফআইডিসিকে লাভজনক প্রতিষ্ঠানে রূপান্তরিত করা।

**২০১৮-১৯ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ৩৬৫০ হেক্টর ব্লক, ১৩০০ কিমি স্ট্রীপ ও ৩০০০ হেক্টর উপকূলীয় বনায়নের মাধ্যমে বনভূমি সম্প্রসারণ;
- উপকূলীয় এলাকায় সবুজ বেষ্টনী সৃজন এবং বনভূমির ডিজিটাল ম্যাপ প্রস্তুত;
- উদ্ভিদ প্রজাতিসমূহের ১৪০০টি নমুনা সংগ্রহ এবং ১০৭০টি সনাক্ত ও শ্রেণিবিন্যাসকৃত নমুনার ডাটাবেজ প্রণয়ন;
- জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে অভিযোজন খাতে ৮২% এবং প্রশমন খাতে ১৮% প্রকল্প গ্রহণ;
- ৭৮% শিল্প-কলকারখানায় বর্জ্য পরিশোধনাগার স্থাপনসহ পরিবেশ আইন প্রতিপালনের আওতায় আনা;
- ৬৭% সনাতন পদ্ধতির ইটভাটাকে উন্নত প্রযুক্তির ইটভাটায় রূপান্তর;
- ৫৭০ একর রাবার বাগান পুনঃসৃজন; এবং
- গবেষণার মাধ্যমে উদ্ভাবিত গুণগত মানসম্পন্ন ৬টি উদ্ভিদ প্রজাতির ৪৮০০০ চারা জনগণের কাছে বিতরণ।

## প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০১৮ সালের জুলাই মাসের ০৪ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১
## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision)**

টেকসই পরিবেশ ও বন উন্নয়ন।

**১.২ অভিলক্ষ্য (Mission)**

প্রতিবেশ ও জীববৈচিত্র্য সংরক্ষণ, পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ, জলবায়ু পরিবর্তনের অভিঘাত মোকাবেলা, বনজ সম্পদ উন্নয়ন ও সমুদ্র সম্পদের টেকসই ব্যবস্থাপনার মাধ্যমে দেশের টেকসই পরিবেশ ও বন নিশ্চিতকরণ।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)**

**১.৩.১ মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. বন সংরক্ষণ ও বনের টেকসই ব্যবস্থাপনা জোরদারকরণ
২. প্রতিবেশ ও জীববৈচিত্র্য সংরক্ষণ ব্যবস্থার উন্নয়ন
৩. জলবায়ু পরিবর্তনের অভিঘাত মোকাবেলার সামর্থ্য বৃদ্ধি
৪. পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ ও পরিবেশগত সেবা নিশ্চিতকরণ
৫. রাবার ও কাঠজাত পণ্যের ব্যবস্থাপনা
৬. সমুদ্র সম্পদের টেকসই ব্যবস্থাপনা
৭. বনজ সম্পদের গবেষণা ও উন্নয়ন

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন
২. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন
৩. জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ
৪. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ

**১.৪ কার্যাবলি (Functions)**

১. পরিবেশ ও প্রতিবেশ ব্যবস্থাপনা এবং জলবায়ু পরিবর্তনজনিত অভিঘাত মোকাবেলায় কার্যক্রম গ্রহণ;
২. পরিবেশ সংরক্ষণ, পরিবেশের মান উন্নয়ন ও পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ সংক্রান্ত বিষয়াদি;
৩. বন সংরক্ষণ ও সম্প্রসারণ এবং বনজ সম্পদ (সরকারি ও বেসরকারি) উন্নয়ন, বৃক্ষরাজির তালিকা প্রণয়ন এবং বনজ সম্পদের মান নির্ধারণ ও উন্নয়ন;
৪. বৃক্ষরোপণ, প্রযুক্তি ভিত্তিক বন ব্যবস্থাপনা পরিচালনা, নতুন বন সৃজন ও পুনরুৎপাদিত বনজ সম্পদ আহরণ;
৫. সিনকোনা ও রাবার জাতীয় বৃক্ষরোপণ, বন সম্পদ আহরন, বন সম্পদ ভিত্তিক শিল্প স্থাপন, বাজারজাতকরণ;
৬. বন বিষয়ক গবেষণা ও প্রশিক্ষণ পরিচালনা, কাষ্ঠল ও অকাষ্ঠল এবং অন্যান্য বনজ সম্পদের উপর গবেষণা;
৭. বোটানিক্যাল গার্ডেন রক্ষণাবেক্ষণ, উদ্ভিদ প্রজাতির জরিপ ও শ্রেণীবিন্যাসকরণ-সনাক্তকরণ ও সংরক্ষণ; এবং
৮. বন্যপ্রাণী, পাখি ও জীববৈচিত্র্য সংরক্ষণ এবং অভয়ারণ্য সৃজন।

## সেকশন ২
## মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা ২০১৮-১৯ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৯-২০ | ২০২০-২১ | | |
| বৃক্ষাচ্ছাদনকৃত এলাকা | প্রতিবছর সরকারি ও বেসরকারী পর্যায়ে রোপিত এলাকা | দেশের মোট ভূমির % | ১৩.৮ | ২২ | ২২.৬ | ২৩ | ২৩.৪০ | ভূমি মন্ত্রণালয়, জেলা প্রশাসন, স্থানীয় সরকার বিভাগ এবং সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং ব্যক্তিমালিকানাধীন | বন বিভাগের বার্ষিক প্রতিবেদন এবং বন বিভাগ ও ইউনিভার্সিটি মেরিল্যান্ড এর স্ট্যাডি প্রতিবেদন ২০১৬ |
| উপকূলীয় সবুজ বেষ্ঠনীর সম্প্রসারণ | বনায়নকৃত উপকূলীয় এলাকা | কিঃ মিঃ | ৩৯৬.৪ | ১২০০ | ২০০০ | ২১০০ | ২২০০ | ভূমি ব্যবস্থাপনার সাথে সংশ্লিষ্ট মন্ত্রণালয়, সংস্থা ও জেলা প্রশাসন | বন বিভাগের রেকর্ড |
| শিল্প কারখানার তরল বর্জ্য হতে দূষণ রোধ | Environmental Compliance- এর আওতায় আসা তরল বর্জ্য নির্গমনকারী উৎপাদনকারী শিল্প কারখানা | % | ৭৬ | ৭৭ | ৭৮ | ৭৮ | ৮০ | শিল্প মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়, পানি সম্পদ মন্ত্রণালয় ও স্থানীয় সরকার বিভাগ | পরিবেশ ও বন মন্ত্রণালয় এবং পরিবেশ অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| ইটভাটা হতে বায়ু দূষণ হ্রাস | সনাতন পদ্ধতির ইটভাটাকে উন্নত প্রযুক্তির ইটভাটায় রূপান্তরের কাভারেজ | % | ৬৬ | ৬৫.২৯ | ৬৮ | ৬৮ | ৬৯ | শিল্প মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়, পানি সম্পদ মন্ত্রণালয় ও স্থানীয় সরকার বিভাগ | পরিবেশ ও বন মন্ত্রণালয় এবং পরিবেশ অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| ওজোন স্তর রক্ষা | ওজোন স্তর ক্ষয়কারী দ্রব্যের হ্রাসকৃত ব্যবহার | ODP in Ton | ৬৫.৩০ | ৬০.৩৯ | ৪৮.১২ | ৪৮.১২ | ৪৭.২০ | জাতীয় রাজস্ব বোর্ড | বার্ষিক প্রতিবেদন, পরিবেশ অধিদপ্তর |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩
## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [১] বন সংরক্ষণ ও বনের টেকসই ব্যবস্থাপনা জোরদারকরণ | ২০ | [১.১] বনায়ন | [১.১.১] বনায়নকৃত এলাকা (স্ট্রীপ) | কিঃমিঃ | ৩ | ১২০০ | ১২৫০ | ১৩০০ | ১২০০ | ১১৫০ | ১১০০ | ১০৫০ | ১৩৫০ | ১৪০০ |
| | | | [১.১.২] বনায়নকৃত এলাকা (ব্লক) | হেক্টর | ২ | ৩৫০০ | ৩৬০০ | ৩৬৫০ | ৩৫০০ | ৩৪৫০ | ৩৪০০ | ৩৩৫০ | ৩৮০০ | ৪০০০ |
| | | [১.২] বনভূমির ডিজিটাল ম্যাপ প্রস্তুত | [১.২.১] প্রস্তুতকৃত ম্যাপ | হেক্টর | ৩ | ২০০০ | ২৫০০ | ৩০০০ | ২৯০০ | ২৮০০ | ২৭০০ | ২৬০০ | ৩৫০০ | ৩৭০০ |
| | | [১.৩] সামাজিক বনায়ন কাযক্রম | [১.৩.১] পুনঃবনায়ন (ব্লক) | হেক্টর | ২ | ১৪০০ | ১৫০০ | ১৬০০ | ১৫৫০ | ১৫০০ | ১৪৫০ | ১৪০০ | ১৬০০ | ১৭০০ |
| | | | [১.৩.২] পুনঃবনায়ন (স্ট্রীপ) | কিঃমিঃ | ২ | ৪০০ | ৪৫০ | ৪৬০ | ৪২৫ | ৪০০ | ৩৭৫ | ৩৫০ | ৫০০ | ৫৫০ |
| | | [১.৪] উপকারভোগীদের মাঝে লভ্যাংশ বিতরণ | [১.৪.১] বিতরণকৃত লভ্যাংশের পরিমান | কোটি টাকা | ২ | ৪৫ | ৪৮ | ৪০ | ৩৮ | ৩৭ | ৩৬ | ৩৫ | ৪৫ | ৪৬ |
| | | [১.৫] ইকোট্যুরিজম উন্নয়ন | [১.৫.১] ভ্রমণকারীর সংখ্যা | লক্ষ | ২ | ৪৭ | ৪৮ | ৪৯ | ৪৮ | ৪৭ | ৪৬ | ৪৫ | ৫০ | ৫৫ |
| | | [১.৬] বাগান মনিটরিং | [১.৬.১] মনিটরিংকৃত ব্লক বাগান | হাজার হেক্টর | ২ | ১২.৮ | ১৩.৫ | ১৩.৭ | ১৩.৫ | ১৩.৩ | ১৩.২ | ১২ | ১৪.৫ | ১৫ |
| | | | [১.৬.২] মনিটরিংকৃত স্ট্রীপ বাগান | কিঃমিঃ | ২ | ১৫০০ | ১৮০০ | ২০০০ | ১৮০০ | ১৭০০ | ১৬০০ | ১৫০০ | ২০০০ | ২১০০ |
| [২] প্রতিবেশ ও জীববৈচিত্র্য সংরক্ষণ ব্যবস্থার উন্নয়ন | ১২ | [২.১] ভূগর্ভস্থ ও ভূপৃষ্ঠস্থ পানির গুণগত মান পর্যবেক্ষণ | [২.১.১] নির্দিষ্ট স্থানে পরিবীক্ষণকৃত ভূগর্ভস্থ ও ভূপৃষ্ঠস্থ পানির গুণগত মান | সংখ্যা | ১ | ১৫২১ | ২০০০ | ২০০০ | ১৯৫০ | ১৯০০ | ১৮৫০ | ১৮০০ | ২০০০ | ২০০০ |
| | | | [২.১.২] প্রাপ্ত পর্যবেক্ষনের উপর কার্যক্রম | % | ১ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ১০০ | ১০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | [২.২] ECA সংরক্ষণ | [২.২.১] ECA ব্যবস্থাপনায় সম্পৃক্ত উপকার ভোগী | সংখ্যা | ২ | ৪০০৫ | ৪০০০ | ৪০০৫ | ৩৯৯০ | ৩৯৮০ | ৩৯৭০ | ৩৯৬০ | ৪১০০ | ৪০৫০ |
| | | [২.৩] কচ্ছপ সংরক্ষণ | [২.৩.১] সেন্টমার্টিন দ্বীপে স্থাপনকৃত কচ্ছপের হেচারী | সংখ্যা | ১ | | ৪ | ১ | | | | | ২ | ৩ |
| | | | [২.৩.২] সামুদ্রিক কচ্ছপের ডিম হতে বাচ্চা উৎপাদন করে সমুদ্রে অবমুক্তকরণ | সংখ্যা | ১ | | ১৫০০ | ১৬০০ | ১৫০০ | ১৪০০ | ১৩০০ | ১২০০ | ১৭০০ | ১৮০০ |
| | | [২.৪] জেনেটিক রিসোর্স এর গবেষণা ও উন্নয়নের লক্ষ্যে জনবলের সক্ষমতা বৃদ্ধি | [২.৪.১] কর্মকর্তার সংখ্যা | সংখ্যা | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | | |
| | | [২.৫] মরুময়তা মোকাবেলা | [২.৫.১] ভূমির অবক্ষয়ের মানচিত্র/লেখচিত্র প্রণয়ন (বরেন্দ্র এলাকার জন্য) | সংখ্যা | ১ | | | ১ | | | | | | |
| | | [২.৬] সমগ্র দেশের উদ্ভিদ জরিপ পরিচালনা করা এবং সকল উদ্ভিদ প্রজাতিসমূহের নমুনা সংগ্রহ করা | [২.৬.১] উদ্ভিদ জরিপের মাধ্যমে প্রজাতিসমূহের ফুল, ফল এবং তথ্যসমেত সংগৃহীত নমুনা | সংখ্যা | ১ | ১২০০ | ১৪০০ | ১৪০০ | ১৩৬০ | ১৩০০ | ১২৬০ | ১২২০ | ১৪০০ | ১৪০০ |
| | | | [২.৬.২] হারবেরিয়াম শীটে প্রদানকৃত লেবেল এবং এক্সেশন নম্বর | সংখ্যা | ১ | ১৪১০ | ১৪১৫ | ১৪১০ | ১৩৫০ | ১৩০০ | ১২৫০ | ১২০০ | ১৪৩০ | ১৪৫০ |
| | | | [২.৬.৩] পরিচালিত উদ্ভিদ জরিপের সংখ্যা | সংখ্যা | ১ | ৬ | ৬ | ৬ | ৫ | ৪ | ৩ | ২ | ৬ | ৭ |
| | | [২.৭] সংগৃহীত উদ্ভিদ নমুনাসমূহ সংশ্লিষ্ট তথ্যসহ সংরক্ষণ করা | [২.৭.১] হারবেরিয়াম নমুনাসমূহের প্রস্তুতকৃত ডাটাবেজ | সংখ্যা | ১ | ১০৫০ | ১০৭০ | ১০৮০ | ১০৫০ | ১০৩০ | ১০২০ | ১০০০ | ১১০০ | ১২০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [৩] জলবায়ু পরিবর্তনের অভিঘাত মোকাবেলার সামর্থ্য বৃদ্ধি | ১২ | [৩.১] জলবায়ু পরিবর্তনের অভিঘাত মোকাবেলায় গৃহীত প্রকল্পে জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড হতে অর্থায়ন | [৩.১.১] অভিযোজন খাতে অনুমোদিত প্রকল্প | % | ৩ | ৮৪ | ৮৬ | ৮২ | ৮০ | ৭৮ | ৭৬ | ৭৪ | ৮৩ | ৮৪ |
| | | | [৩.১.২] প্রশমন খাতে অনুমোদিত প্রকল্প | % | ৩ | ১৬ | ১৪ | ১৮ | ১৬ | ১৫ | ১৪ | ১৩ | ১৭ | ১৬ |
| | | [৩.২] জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে চলমান প্রকল্পের মনিটরিং | [৩.২.১] বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট কর্তৃক পরিদর্শিত প্রকল্প | % | ২ | ৫০ | ৬২ | ৬০ | ৫৮ | ৫৬ | ৫৪ | ৫২ | ৬৫ | ৬৬ |
| | | | [৩.২.২] পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ/পর্যবেক্ষণ বাস্তবায়ন | % | ২ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | [৩.৩] উপকূলীয় বনায়ন | [৩.৩.১] বনায়নকৃত উপকূলীয় এলাকা | হেক্টর | ২ | ১১০০ | ২২০০ | ৫০০০ | ৪৫০০ | ৪০০০ | ৩৫০০ | ৩০০০ | ৪৫০০ | ৫০০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [৪] পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ ও পরিবেশগত সেবা নিশ্চিতকরণ | ১০ | [৪.১] দূষণ রোধে উন্নত প্রযুক্তির প্রচলন ও ব্যবহার | [৪.১.১] শিল্প কারখানায় দূষণ নিয়ন্ত্রণে Effluent Treatment Plant (ETP) কাভারেজ | % | ২ | ৭৫.৩ | ৭৭ | ৭৮ | ৭৭.৭৫ | ৭৭.৫ | ৭৭.২৫ | ৭৭ | ৭৭ | ৮০ |
| | | | [৪.১.২] সনাতন পদ্ধতির ইটভাটাকে উন্নত প্রযুক্তির ইটভাটায় রূপান্তরের কাভারেজ | % | ২ | ৬৪.৮৫ | ৬৭.০০ | ৬৭ | ৬৬.৫০ | ৬৬.০০ | ৬৫.৫০ | ৬৫.৩০ | ৬৮ | ৬৯ |
| | | [৪.২] ওজোন স্তর রক্ষা | [৪.২.১] ওজোন স্তর ক্ষয়কারী দ্রব্যের হ্রাসকৃত ব্যবহার | ODP in Ton | ২ | ৬৫.৩ | ৬৫.৩৯ | ৪৮.১২ | ৪৯.০০ | ৫০.০০ | ৫১.০০ | ৫২.০০ | ৪৮.১২ | ৪৭.২০ |
| | | [৪.৩] পরিবেশ অধিদপ্তরের গবেষণাগারে বিভিন্ন নমুনা পরিবীক্ষণ | [৪.৩.১] সেবা গ্রহণকারী ব্যক্তি/ প্রতিষ্ঠান/ উদ্যোক্তা | সংখ্যা | ১ | ৩৬৬৮ | ৪০০০ | ৪১০০ | ৩৯০০ | ৩৭০০ | ৩৫০০ | ৩৩০০ | ৪২০০ | ৪২০০ |
| | | | [৪.৩.২] যথাসময়ে প্রতিবেদন সরবরাহ | % | ১ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ১০০ | ১০০ |
| | | [৪.৪] পরিবেশগত বিষয়ে বিভিন্ন অভিযোগের প্রেক্ষিতে গৃহীত কার্যক্রম | [৪.৪.১] প্রাপ্ত অভিযোগের প্রেক্ষিতে সম্পাদিত তদন্ত | % | ১ | ৭০ | ৭২ | ৭৩ | ৭২ | ৭১ | ৭০ | ৬৯ | ৭৩ | ৭৪ |
| | | [৪.৫] দূষণকারী ব্যক্তি, শিল্প-কারখানা, ইটভাটা, প্রতিষ্ঠান ও প্রকল্পের বিরুদ্ধে অভিযান পরিচালনা ও আইনগত ব্যবস্থা গ্রহণ | [৪.৫.১] দূষণকারী ইট ভাটার বিরুদ্ধে পরিচালিত অভিযান/মোবাইল কোর্ট | সংখ্যা | ১ | | | ৪০০ | ৩৮০ | ৩৬০ | ৩৪০ | ৩২০ | ৪১০ | ৪২০ |
| [৫] রাবার ও কাঠজাত পণ্যের ব্যবস্থাপনা | ৮ | [৫.১] টেকসই ও উন্নতমানের রাবার বাগান সৃজন, রাবার উৎপাদন | [৫.১.১] প্রক্রিয়াজাতকৃত রাবার ও ধূমায়িত (স্মোক্ড) রাবার শীট | মেঃটন | ২ | ৫২০০ | ৫৩০০ | ৫২০০ | ৫১৫০ | ৫১০০ | ৫০০০ | ৪৯০০ | ৫৩০০ | ৫৪০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| | | | [৫.১.২] সংগৃহীত ল্যাটেক্স | মেঃটন | ২ | ১৭০০০ | ১৮০০০ | ২০৮০০ | ১৯৮০০ | ১৯৬০০ | ১৯৪০০ | ১৯১০০ | ২১০০০ | ২২০০০ |
| | | | [৫.১.৩] পুনঃবনায়ন দ্বারা সৃজিত বাগান | একর | ১ | ৫৭০ | ৫৮০ | ৫৮০ | ৫৭০ | ৫৬০ | ৫৫০ | ৫৪০ | ৫৯০ | ৬০০ |
| | | | [৫.১.৪] উৎপাদিত রাবার | মেঃটন | ১ | ৫২০০ | ৫৩০০ | ৫২০০ | ৫১৫০ | ৫১০০ | ৫০০০ | ৪৯০০ | ৫৩০০ | ৫৪০০ |
| | | [৫.২] বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনের মুনাফা | [৫.২.১] উৎপাদিত রাবার ও আসবাবপত্র বিক্রয়ের মাধ্যমে অর্জিত মোট মুনাফা | লক্ষ টাকা | ২ | ২২৫ | ২৩০ | ২৪০ | ২৩০ | ২২০ | ২১০ | ২০০ | ২৫০ | ২৬০ |
| [৬] সমুদ্র সম্পদের টেকসই ব্যবস্থাপনা | ৭ | [৬.১] বঙ্গোপসাগরের নির্ধারিত স্থানে পানির গুণগত মান পর্যবেক্ষণ | [৬.১.১] বঙ্গোপসাগরের পানির গুণগত মান পরিবীক্ষণ | সংখ্যা | ১ | | ৪০ | ৪০ | ৩৯ | ৩৮ | ৩৭ | ৩৬ | ৪০ | ৪০ |
| | | | [৬.১.২] ফলাফলের উপর কার্যক্রম গ্রহণ | সংখ্যা | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | [৬.২] সমুদ্রের পানির pH পর্যবেক্ষণ | [৬.২.১] সমুদ্রের পানির pH বিশ্লেষণ | সংখ্যা | ২ | ৪০ | ৪০ | ৪০ | ৩৯ | ৩৮ | ৩৭ | ৩৬ | ৪০ | ৪০ |
| | | [৬.৩] সামুদ্রিক ও উপকূলীয় ইকোসিস্টেম-এর টেকসই ব্যবস্থাপনার লক্ষ্যে উপকূলীয় এলাকার জনগণের সচেতনতা বৃদ্ধি | [৬.৩.১] প্রশিক্ষণপ্রাপ্ত পরিবার | সংখ্যা | ২ | ২০৩ | ২২০ | ২৫০ | ২৪০ | ২৩০ | ২২০ | ২১০ | ২৭০ | ২৮০ |
| | | [৬.৪] সামুদ্রিক ইকোসিস্টেম-এর টেকসই ব্যবস্থাপনা ও pH পরিবীক্ষণের লক্ষ্যে অধিদপ্তরের জনবলের সক্ষমতা বৃদ্ধি | [৬.৪.১] জনবলের সক্ষমতা বৃদ্ধি | সংখ্যা | ১ | ৪০ | ১০ | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | ১০ | ১০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [৭] বনজ সম্পদের গবেষণা ও উন্নয়ন | ৬ | [৭.১] গবেষণার মাধ্যমে বাঁশের কম্পোজিট হতে আসবাবপত্র তৈরি, কঞ্চি কলম পদ্ধতিতে বাঁশ চাষ ও রাসায়নিক সংরক্ষণ প্রয়োগে বাঁশের আয়ুষ্কাল বৃদ্ধি প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ প্রদান | [৭.১.১] প্রশিক্ষিত উপকারভোগী | সংখ্যা | ২ | ২৫০ | ২৮০ | ৩০০ | ২৮০ | ২৬০ | ২৫০ | ২১০ | ৩২০ | ৩৩০ |
| | | [৭.২] গবেষণার মাধ্যমে বিভিন্ন প্রজাতির কাঠ হতে নতুন বোর্ড তৈরি করা। | [৭.২.১] বিভিন্ন প্রজাতির কাঠ হতে তৈরিকৃত নতুনবোর্ড | সংখ্যা | ১ | ১০ | ১১ | ১২ | ১১ | ১০ | ৯ | ৮ | ১৩ | ১৪ |
| | | [৭.৩] গবেষণার মাধ্যমে উদ্ভাবিত ৬ টি বৃক্ষ প্রজাতির উন্নত ও অধিক ফলনশীল চারা বিতরণ। | [৭.৩.১] বিতরনকৃত চারা | সংখ্যা | ২ | ৩০০০০ | ৪৪০০০ | ৪৮০০০ | ৪৩২০০ | ৩৮৪০০ | ৩৫০০০ | ৩৩৬০০ | ৪৯০০০ | ৫০০০০ |
| | | [৭.৪] গবেষণার মাধ্যমে গুণগত মানসম্মত সেগুন, গর্জন, ঢাকিজাম এবং আগর গাছের কলম বীজবাগান সৃজনের লক্ষ্যে র‍্যামেট তৈরি | [৭.৪.১] সৃজিত র‍্যামেট | সংখ্যা | ১ | ২৫০০ | ২৬০০ | ৪০০০ | ৩৬০০ | ৩২০০ | ২৮০০ | ২৪০০ | ৩২০০ | ৩৩০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | |
| [১] কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ১০ | [১.১] মন্ত্রণালয়/বিভাগে ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | [১.১.১] ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোডকৃত | % | ১ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫৫ | ৫০ | | |
| | | | [১.১.২] ই-ফাইলে নথি নিস্পত্তিকৃত ** | % | ১ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |
| | | | [১.১.৩] ই-ফাইলে পত্র জারীকৃত *** | % | ১ | | | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ | | |
| | | [১.২] মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক অনলাইন সেবা চালু করা | [১.২.১] ন্যূনতম একটি নতুন ই-সার্ভিস চালুকৃত | তারিখ | ১ | | | ১৫.০১.১৯ | ১৭.০২.১৯ | ৩১.০৩.১৯ | ৩০.০৪.১৯ | ৩০.০৫.১৯ | | |
| | | [১.৩] মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) বাস্তবায়ন | [১.৩.১] ডাটাবেজ অনুযায়ী ন্যূনতম দুটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | তারিখ | ১ | | | ১১.০৩.১৯ | ১৮.০৩.১৯ | ২৫.০৩.১৯ | ০১.০৪.১৯ | ০৮.০৪.১৯ | | |
| | | [১.৪] প্রতিটি শাখায় বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণয়ন ও বিনষ্ট করা | [১.৪.১] বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণীত | তারিখ | ০.৫ | | | ১০.০১.১৯ | ১৭.০১.১৯ | ২৪.০১.১৯ | ২৮.০১.১৯ | ৩১.০১.১৯ | | |
| | | | [১.৪.২] প্রণীত তালিকা অনুযায়ী বিনষ্টকৃত নথি | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | | |
| | | [১.৫] সিটিজেন্স চার্টার বাস্তবায়ন | [১.৫.১] হালনাগাদকৃত সিটিজেন্স চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা | % | ১ | | | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ | | |
| | | | [১.৫.২] সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১ | | | ৩১.১২.১৮ | ১৫.০১.১৯ | ০৭.০২.১৯ | ১৭.০২.১৯ | ২৮.০২.১৯ | | |
| | | [১.৬] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [১.৬.১] নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিস্পত্তিকৃত | % | ০.৫ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | |
| | | | [১.৬.২] অভিযোগ নিস্পত্তির বিষয়ে অভিযোগকারীকে অবহিতকরণ | % | ০.৫ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | |
| | | [১.৭] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারী করা | [১.৭.১] পিআরএল আদেশ জারীকৃত | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | - | - | | |
| | | | [১.৭.২] ছুটি নগদায়নপত্র জারীকৃত | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | - | - | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | |
| [২] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৮ | [২.১] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [২.১.১] ত্রিপক্ষীয় সভায় নিষ্পত্তির জন্য সুপারিশকৃত অডিট আপত্তি | % | ০.৫ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | | [২.১.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ০.৫ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |
| | | [২.২] স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | [২.২.১] স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ০.৫ | | | ০৩.০২.১৯ | ১৭.০২.১৯ | ২৮.০২.১৯ | ২৮.০৩.১৯ | ১৫.০৪.১৯ | | |
| | | | [২.২.২] অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ০.৫ | | | ০৩.০২.১৯ | ১৭.০২.১৯ | ২৮.০২.১৯ | ২৮.০৩.১৯ | ১৫.০৪.১৯ | | |
| | | [২.৩] বাজেট বাস্তবায়নে উন্নয়ন | [২.৩.১] বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (Budget Implementation Plan) প্রণীত | সংখ্যা | ০.৫ | | | ১ | - | - | - | - | | |
| | | | [২.৩.২] ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | | | ৪ | ৩ | - | - | - | | |
| | | [২.৪] বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | [২.৪.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত | % | ২ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [২.৫] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [২.৫.১] ক্রয় পরিকল্পনা বাস্তবায়িত | % | ০.৫ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [২.৬] অব্যবহৃত/অকেজো যানবাহন বিদ্যমান নীতিমালা অনুযায়ী নিষ্পত্তিকরণ | [২.৬.১] নিষ্পত্তিকৃত | % | ০.৫ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | | |
| | | [২.৭] বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করা | [২.৭.১] বিদ্যুৎ বিল পরিশোধিত | % | ১ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [২.৮] শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান | [২.৮.১] নিয়োগ প্রদানকৃত | % | ১ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | ৪০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [৩] জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ | ৪ | [৩.১] জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো বাস্তবায়ন **** | [৩.১.১] নির্ধারিত সময়ে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | | | ৪ | ৩ | - | - | - | | |
| | | | [৩.১.২] জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোয় অন্তর্ভুক্ত লক্ষ্যমাত্রা বাস্তবায়িত | % | ১ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [৩.২] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [৩.২.১] মন্ত্রণালয়/বিভাগের সকল তথ্য ও অনলাইন সেবা ৩৩৩ সহ তথ্য বাতায়নে সংযোজিত | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | - | - | | |
| | | [৩.৩] মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | [৩.৩.১] বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | | | ১৫.১০.১৮ | ২৯.১০.১৮ | ১৫.১১.১৮ | ২৯.১১.১৮ | ১৩.১২.১৮ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | |
| [৪] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | [৪.১] অধীনস্থ দপ্তর/সংস্থার সঙ্গে ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর ও ওয়েবসাইটে আপলোড | [৪.১.১] স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ওয়েবসাইটে আপলোডকৃত | তারিখ | ০.৫ | | | ২৪.০৬.১৮ | ২৬.০৬.১৮ | ২৮.০৬.১৮ | | | | |
| | | [৪.২] ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল | [৪.২.১] মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ০.৫ | | | ১৯.০৮.১৮ | ২৭.০৮.১৮ | ২৯.০৮.১৮ | ০৩.০৯.১৮ | ০৫.০৯.১৮ | | |
| | | [৪.৩] দপ্তর/সংস্থার ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনান্তে ফলাবর্তক (feedback) প্রদান | [৪.৩.১] ফলাবর্তক (feedback) প্রদত্ত | তারিখ | ১ | | | ৩১.০১.১৯ | ০৭.০২.১৯ | ১০.০২.১৯ | ১১.০২.১৯ | ১৪.০২.১৯ | | |
| | | [৪.৪] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ অন্যান্য বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | [৪.৪.১] আয়োজিত প্রশিক্ষণের সময় | জনঘণ্টা * | ১ | | | ৬০ | - | - | - | - | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, মাননীয় মন্ত্রী, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| ............................................ | ০৪/০৭/২০১৮ |
| সচিব<br>পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | তারিখ |
| ............................................ | ০৪.০৭.২০১৮ |
| মন্ত্রিপরিষদ সচিব<br>মন্ত্রিপরিষদ বিভাগ | তারিখ |

## শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | CIP | Climate Invesment Plan |
| ২ | ECA | Ecologically Critical Area |
| ৩ | ETP | Effluent Treatment Plant |
| ৪ | ODP | Ozone Depleting Potential |
| ৫ | ODS | Ozone Depleting Substance |
| ৬ | pH | pH is a numeric scale used to specify the acidity or basicity (alkalinity) of an aqueous solution |
| ৭ | SACEP | South Asia Co-operative Environment Programme |
| ৮ | NAP | National Adaptation Plan |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] বনায়ন | [১.১.১] বনায়নকৃত এলাকা (স্ট্রীপ) | ব্লক আকারে নতুন উডলট বা কৃষি বাগান সৃজন। | বন অধিদপ্তর | প্লান্টেশন জার্নাল | বন অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| | [১.১.২] বনায়নকৃত এলাকা (ব্লক) | সড়ক বা রেলের ধারে পতিত জায়গায় লাইন ধরে নতুন বাগান সৃজন | বন অধিদপ্তর | প্লান্টেশন জার্নাল | বন অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| [১.২] বনভূমির ডিজিটাল ম্যাপ প্রস্তুত | [১.২.১] প্রস্তুতকৃত ম্যাপ | বনভূমির ডিজিটাল ম্যাপ | বন অধিদপ্তর | প্রত্যক্ষ পর্যবেক্ষণ | বন অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| [১.৩] সামাজিক বনায়ন কাযক্রম | [১.৩.১] পুনঃবনায়ন (ব্লক) | মেয়াদ উত্তীর্ন বাগানের গাছ আহরনের পর বন তহবিলের অর্থ হতে পুনঃ বাগান সৃজন। | বন অধিদপ্তর | | বন অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| | [১.৩.২] পুনঃবনায়ন (স্ট্রীপ) | মেয়াদ উত্তীর্ন বাগানের গাছ আহরনের পর বন তহবিলের অর্থ হতে পুনঃ বাগান সৃজন। | বন অধিদপ্তর | | বন অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| [১.৪] উপকারভোগীদের মাঝে লভ্যাংশ বিতরণ | [১.৪.১] বিতরণকৃত লভ্যাংশের পরিমান | মেয়াদ উত্তীর্ন বাগানের গাছ বিক্রীর অর্থ থেকে সংশ্লিষ্ট পক্ষ গণের মধ্যে লভ্যাংশ বিতরণ। | বন অধিদপ্তর | | ব্যাংক স্টেটমেন্ট এবং বন বিভাগের রেকর্ড |
| [১.৫] ইকোট্যুরিজম উন্নয়ন | [১.৫.১] ভ্রমণকারীর সংখ্যা | চিত্ত বিনোদনের লক্ষ্যে বন অধিদপ্তরের নিয়ন্ত্রনাধীন জাতীয় উদ্যান বোটানিক্যাল গার্ডেন ইকোপার্ক আগত দর্শণার্থী | বন অধিদপ্তর | | বন অধিদপ্তরের রেকর্ড এবং বার্ষিক প্রতিবেদন |
| [১.৬] বাগান মনিটরিং | [১.৬.১] মনিটরিংকৃত ব্লক বাগান | বনায়ন পরবর্তী মনিটরিং | বন অধিদপ্তর | | মাঠ পর্যায় হতে সংগৃহীত তথ্য সংকলন, বন অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| | [১.৬.২] মনিটরিংকৃত স্ট্রীপ বাগান | বনায়ন পরবর্তী মনিটরিং | বন অধিদপ্তর | | মাঠ পর্যায় হতে সংগৃহীত তথ্য সংকলন, বন অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| [২.১] ভূগর্ভস্থ ও ভূপৃষ্ঠস্থ পানির গুণগত মান পর্যবেক্ষণ | [২.১.১] নির্দিষ্ট স্থানে পরিবীক্ষণকৃত ভূগর্ভস্থ ও ভূপৃষ্ঠস্থ পানির গুণগত মান | বৈজ্ঞানিক প্রযুক্তি ব্যবহার করে ভূগর্ভস্থ ও ভূপৃষ্ঠস্থ পানির গুণগত মান পরিবীক্ষণ | পরিবেশ অধিদপ্তর | | পরিবেশ ও বন মন্ত্রণালয়/ পরিবেশ অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| | [২.১.২] প্রাপ্ত পর্যবেক্ষনের উপর কার্যক্রম | প্রাপ্ত পর্যবেক্ষনের আলোকে প্রতিবেদন প্রকাশ | পরিবেশ অধিদপ্তর | | পরিবেশ অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [২.২] ECA সংরক্ষণ | [২.২.১] ECA ব্যবস্থাপনায় সম্পৃক্ত উপকার ভোগী | প্রতিবেশগত সংকটাপন্ন এলাকা হচ্ছে মানুষের কর্মকান্ড দ্বারা ক্ষতিগ্রস্থ বা সম্ভাব্য ক্ষতিগ্রস্থ প্রতিবেশগত সংকটাপন্ন এলাকা যা বাংলাদেশ সরকার দ্বারা ঘোষিত। এ ক্ষেত্রে হাকালুকি হাওর ও কক্সবাজার-টেকনাফ পেনিনসুলায় অবস্থিত ECA ব্যবস্থাপনায় জনগণের সম্পৃক্ততাকে বোঝান হয়েছে। | পরিবেশ অধিদপ্তর | | পরিবেশ ও বন মন্ত্রণালয়/ পরিবেশ অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| [২.৩] কচ্ছপ সংরক্ষণ | [২.৩.১] সেন্টমার্টিন দ্বীপে স্থাপনকৃত কচ্ছপের হেচারী | সামুদ্রিক কচ্ছপের ছানা উৎপাদনের লক্ষ্যে কচ্ছপের ডিম সংগ্রহ করে সংরক্ষণের জন্য হেচারী স্থাপন | পরিবেশ অধিদপ্তর | | পরিবেশ ও বন মন্ত্রণালয়/ পরিবেশ অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| | [২.৩.২] সামুদ্রিক কচ্ছপের ডিম হতে বাচ্চা উৎপাদন করে সমুদ্রে অবমুক্তকরণ | হেচারী হতে উৎপাদিত কচ্ছপের ছানা সমুদ্রে ছেড়ে দেওয়া | পরিবেশ অধিদপ্তর | | পরিবেশ ও বন মন্ত্রণালয়/ পরিবেশ অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| [২.৪] জেনেটিক রিসোর্স এর গবেষণা ও উন্নয়নের লক্ষ্যে জনবলের সক্ষমতা বৃদ্ধি | [২.৪.১] কর্মকর্তার সংখ্যা | জেনেটিক রিসোর্স এর গবেষণা ও উন্নয়নের লক্ষ্যে জনবলের সক্ষমতা বৃদ্ধির জন্য প্রশিক্ষন প্রদান | পরিবেশ অধিদপ্তর | | পরিবেশ অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| [২.৫] মরুময়তা মোকাবেলা | [২.৫.১] ভূমির অবক্ষয়ের মানচিত্র/লেখচিত্র প্রণয়ন (বরেন্দ্র এলাকার জন্য) | Sustainable Land Management এর আওতায় বরেন্দ্র এলাকায় ভূমি অবক্ষয় বিষয়ে মানচিত্র প্রনয়ন | পরিবেশ অধিদপ্তর | | পরিবেশ অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| [২.৬] সমগ্র দেশের উদ্ভিদ জরিপ পরিচালনা করা এবং সকল উদ্ভিদ প্রজাতিসমূহের নমুনা সংগ্রহ করা | [২.৬.১] উদ্ভিদ জরিপের মাধ্যমে প্রজাতিসমূহের ফুল, ফল এবং তথ্যসমেত সংগৃহীত নমুনা | হারবেরিয়ামের বিজ্ঞানী কর্তৃক সংগৃহীত উদ্ভিদ প্রজাতিসমূহের ফুল, ফল এবং তথ্যসমেত নমুনা। | বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম | | ফিল্ড নোটবুক, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়ামের রেজিস্টার এবং বার্ষিক প্রতিবেদন |
| | [২.৬.২] হারবেরিয়াম শীটে প্রদানকৃত লেবেল এবং এক্সেশন নম্বর | সংগৃহীত উদ্ভিদ নমুনাকে শুকিয়ে সাদা মাউন্টিং শীটে আঠা দিয়ে লাগানো হয় এবং তার সাথে সংশ্লিষ্ট তথ্যসমূহ যেমন সংগ্রহের তারিখ, বৈজ্ঞানিক নাম, পরিবার, ব্যবহার, সংগ্রহের স্থান ও সংগ্রহকারীর নাম ইত্যাদি থাকে। এক্সেশন নম্বর হচ্ছে একটি অনন্য (Unique) সনাক্তকরণ সংখ্যা। | বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম | | ন্যাশনার হারবেরিয়ামের রেজিস্টার, হারবেরিয়াম কাপবোর্ড এবং বার্ষিক প্রতিবেদন। |
| | [২.৬.৩] পরিচালিত উদ্ভিদ জরিপের সংখ্যা | দেশের উদ্ভিদ বৈচিত্র্য মূল্যায়নের লক্ষ্যে সকল প্রতিবেশ ব্যবস্থায় পরিচালিত নিয়মতান্ত্রিক জরিপ | বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম | | ফিল্ড নোটবুক, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়ামের রেজিস্টার এবং বার্ষিক প্রতিবেদন |
| [২.৭] সংগৃহীত উদ্ভিদ নমুনাসমূহ সংশ্লিষ্ট তথ্যসহ সংরক্ষণ করা | [২.৭.১] হারবেরিয়াম নমুনাসমূহের প্রস্তুতকৃত ডাটাবেজ | হারবেরিয়াম নমুনাসমূহ সংশ্লিষ্ট তথ্যসহ কম্পিউটার সফ্টওয়ারে সংরক্ষণ করা হয় যাতে পরবর্তীতে ব্যবহারকারীদের নিকট সহজলভ্য হয়। | বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম | | বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়ামের কম্পিউটার ডাটাবেজ্ এবং বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৩.১] জলবায়ু পরিবর্তনের অভিঘাত মোকাবেলায় গৃহীত প্রকল্পে জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড হতে অর্থায়ন | [৩.১.১] অভিযোজন খাতে অনুমোদিত প্রকল্প | জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে অভিযোজন খাতে অনুমোদিত প্রকল্পের হার | বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট (বিসিসিটি) | | বিসিসিটি-এর বার্ষিক প্রতিবেদন |
| | [৩.১.২] প্রশমন খাতে অনুমোদিত প্রকল্প | জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে প্রশমন খাতে অনুমোদিত প্রকল্পের হার | বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট (বিসিসিটি) | | বিসিসিটি-এর বার্ষিক প্রতিবেদন |
| [৩.২] জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে চলমান প্রকল্পের মনিটরিং | [৩.২.১] বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট কর্তৃক পরিদর্শিত প্রকল্প | বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট কর্তৃক গঠিত ৪টি মনিটরিং টিম দ্বারা বাস্তবায়িত প্রকল্পের কাজ পরিদর্শন | বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট (বিসিসিটি) | | পরিদর্শন প্রতিবেদন, বিসিসিটি-এর বার্ষিক প্রতিবেদন |
| | [৩.২.২] পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ/পর্যবেক্ষণ বাস্তবায়ন | পরিদর্শনে প্রাপ্ত প্রতিবেদনের আলোকে প্রকল্প বাস্তবায়ন কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত ব্যবস্থা | প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা/কর্তৃপক্ষ | | পরিদর্শন প্রতিবেদন, বিসিসিটি-এর বার্ষিক প্রতিবেদন |
| [৩.৩] উপকূলীয় বনায়ন | [৩.৩.১] বনায়নকৃত উপকূলীয় এলাকা | উপকূলীয় জেগে ওঠা চরের স্থায়ীত্ব ও নতুন ভূমি জেগে ওঠায় সহায়তার উদ্দেশ্যে উপকূলে বন বাগান সৃজন | বন অধিদপ্তর | | উপকূলীয় চরে উৎপাদিত বাগানের প্লান্টেশন জার্নাল ও বন বিভাগের বার্ষিক প্রতিবেদন। |
| [৪.১] দূষণ রোধে উন্নত প্রযুক্তির প্রচলন ও ব্যবহার | [৪.১.১] শিল্প কারখানায় দূষণ নিয়ন্ত্রণে Effluent Treatment Plant (ETP) কাভারেজ | ইটিপি হচ্ছে সবচেয়ে সাশ্রয়ী ও পরিক্ষীত প্রযুক্তি যার মাধ্যমে অযাচিত, বিষাক্ত ও বিপজ্জনক রাসায়নিক দ্রব্য তরল বর্জ্য থেকে অপসারণ করা যায় যা দূষণ নিয়ন্ত্রণের প্রয়োজনীয় মানদন্ড পূরণ করে। | পরিবেশ অধিদপ্তর | | মাঠ পর্যায় হতে সংগৃহীত তথ্য সংকলন ও পরিবেশ অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| | [৪.১.২] সনাতন পদ্ধতির ইটভাটাকে উন্নত প্রযুক্তির ইটভাটায় রূপান্তরের কাভারেজ | ইট প্রস্তুত ও ভাটা স্থাপন নিয়ন্ত্রণ আইন, ২০১৩ এর আলোকে হাইব্রিড হফম্যান কিলন, জিগজ্যাগ কিলন, ভার্টিক্যাল শ্যাফ্ট কিলন প্রভৃতি পদ্ধতি ব্যবহার করে ইটভাটাকে উন্নত প্রযুক্তির ইটভাটায় রূপান্তর | পরিবেশ অধিদপ্তর | | প্রকল্প বাস্তবায়ন রিপোর্ট ও পরিবেশ অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| [৪.২] ওজোন স্তর রক্ষা | [৪.২.১] ওজোন স্তর ক্ষয়কারী দ্রব্যের হ্রাসকৃত ব্যবহার | ওজোনস্তর সূর্য দ্বারা নিঃসরিত অতিবিগুনী রশ্মির ক্ষতিকর প্রভাব হতে পৃথিবীকে রক্ষা করে এবং ওজোনস্তর চর্ম, ক্যান্সার, চোখের ছানি এবং শস্য বীজ ও সমুদ্র প্লাংটনের উপর বিরুপ প্রভাব থেকে রক্ষা করে। ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য হচ্ছে মানব সৃষ্ট রাসায়নিক দ্রব্য যা ওজোন স্তর(স্ট্রাটোস্ফিয়ার) ক্ষতি করে এবং তা দ্বারা পৃথিবী ও জীব সম্প্রদায়ের স্বাস্থ্য ঝুঁকিসহ সম্ভাব্য ক্ষতির আশংকা বৃদ্ধি করে। | পরিবেশ অধিদপ্তর | | প্রকল্প বাস্তবায়ন রিপোর্ট ও পরিবেশ অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| [৪.৩] পরিবেশ অধিদপ্তরের গবেষণাগারে বিভিন্ন নমুনা পরিবীক্ষণ | [৪.৩.১] সেবা গ্রহণকারী ব্যক্তি/ প্রতিষ্ঠান/ উদ্যোক্তা | পরিবেশগত সেবার অংশ হিসেবে ল্যাবরেটরীতে তরল বর্জ্যর নমুনা বিশ্লেষণ | পরিবেশ অধিদপ্তর | | প্রকল্প বাস্তবায়ন রিপোর্ট ও পরিবেশ অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| | [৪.৩.২] যথাসময়ে প্রতিবেদন সরবরাহ | সেবা গ্রহণকারী ব্যক্তি/ প্রতিষ্ঠান/ উদ্যোক্তা হতে প্রাপ্ত প্রতিবেদন যথাসময়ে সরবরাহ | পরিবেশ অধিদপ্তর | | প্রকল্প বাস্তবায়ন রিপোর্ট ও পরিবেশ অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| [৪.৪] পরিবেশগত বিষয়ে বিভিন্ন অভিযোগের প্রেক্ষিতে গৃহীত কার্যক্রম | [৪.৪.১] প্রাপ্ত অভিযোগের প্রেক্ষিতে সম্পাদিত তদন্ত | পরিবেশ দূষণ বিষয়ে ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হতে প্রাপ্ত কিংবা সংবাদপত্রে প্রকাশিত অভিযোগের প্রেক্ষিতে গৃহীত ব্যবস্থা | পরিবেশ অধিদপ্তর | | প্রকল্প বাস্তবায়ন রিপোর্ট ও পরিবেশ অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৪.৫] দূষণকারী ব্যক্তি, শিল্প-কারখানা, ইটভাটা, প্রতিষ্ঠান ও প্রকল্পের বিরুদ্ধে অভিযান পরিচালনা ও আইনগত ব্যবস্থা গ্রহণ | [৪.৫.১] দূষণকারী ইট ভাটার বিরুদ্ধে পরিচালিত অভিযান/মোবাইল কোর্ট | পরিবেশ দূষণ বিষয়ে ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হতে প্রাপ্ত কিংবা সংবাদপত্রে প্রকাশিত অভিযোগের প্রেক্ষিতে গৃহীত ব্যবস্থা | পরিবেশ অধিদপ্তর | | পরিবেশ অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| [৫.১] টেকসই ও উন্নতমানের রাবার বাগান সৃজন, রাবার উৎপাদন | [৫.১.১] প্রক্রিয়াজাতকৃত রাবার ও ধূমায়িত (স্মোক্ড) রাবার শীট | রাবার প্রকৃয়াজাতকৃত ও ধূমায়িত | বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন (বিএফআইডিসি) | | বিএফআইডিসি –এর বার্ষিক প্রতিবেদন |
| [৫.১] টেকসই ও উন্নতমানের রাবার বাগান সৃজন, রাবার উৎপাদন | [৫.১.২] সংগৃহীত ল্যাটেক্স | উৎপাদনশীল রাবার গাছ টেপিং এর মাধ্যমে রাবার কষ বা ল্যাটেক্স আহরণ | বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন (বিএফআইডিসি) | | বিএফআইডিসি –এর বার্ষিক প্রতিবেদন |
| | [৫.১.৩] পুনঃবনায়ন দ্বারা সৃজিত বাগান | অর্থনৈতিক জীবনচক্র হারানো তথা মেয়াদ উত্তীর্ন রাবার গাছ কর্তন করে তদস্থলে পুনরায় রাবার গাছ রোপনের মাধ্যমে সৃজিত রাবার বাগান | বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন (বিএফআইডিসি) | | বিএফআইডিসি –এর বার্ষিক প্রতিবেদন |
| | [৫.১.৪] উৎপাদিত রাবার | বীজ রোপন হতে প্রক্রিয়াজাতকরণ শেষে উৎপন্ন রাবার | বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন (বিএফআইডিসি) | | বিএফআইডিসি –এর বার্ষিক প্রতিবেদন |
| [৫.২] বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনের মুনাফা | [৫.২.১] উৎপাদিত রাবার ও আসবাবপত্র বিক্রয়ের মাধ্যমে অর্জিত মোট মুনাফা | বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন কর্তৃক উৎপাদিত রাবার ও আসবাবপত্র বিক্রয়ের মাধ্যমে অর্জিত মুনাফা দ্বারা এটিকে লাভজনক সংস্থা হিসাবে প্রতিষ্ঠা করা। | বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন (বিএফআইডিসি) | | বিএফআইডিসি –এর বার্ষিক প্রতিবেদন |
| [৬.১] বঙ্গোপসাগরের নির্ধারিত স্থানে পানির গুণগত মান পর্যবেক্ষণ | [৬.১.১] বঙ্গোপসাগরের পানির গুণগত মান পরিবীক্ষণ | বঙ্গোপসাগরের পানির গুণগত মান পরীক্ষার জন্য Electric Conductivity, salinity, BoD, CoD, Total Dissolved Solids (TDS), turbidity, Suspended Solid(SS), Dissolve Oxigen(DO) ইত্যাদি পরীক্ষাসমূহ করা। | পরিবেশ অধিদপ্তর | | প্রকল্প বাস্তবায়ন রিপোর্ট ও পরিবেশ অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| | [৬.১.২] ফলাফলের উপর কার্যক্রম গ্রহণ | প্রাপ্ত পর্যবেক্ষনের ফলাফল গবেষণাগারে সংরক্ষণ | পরিবেশ অধিদপ্তর | | প্রকল্প বাস্তবায়ন রিপোর্ট ও পরিবেশ অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| [৬.২] সমুদ্রের পানির pH পর্যবেক্ষণ | [৬.২.১] সমুদ্রের পানির pH বিশ্লেষণ | সমুদ্রের পানির অম্লতা (এসিডিফিকেশন) পরীক্ষার জন্য সমুদ্রের পানির pH নমুনা পরীক্ষা | পরিবেশ অধিদপ্তর | | পরিবেশ অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৬.৩] সামুদ্রিক ও উপকূলীয় ইকোসিস্টেম-এর টেকসই ব্যবস্থাপনার লক্ষ্যে উপকূলীয় এলাকার জনগণের সচেতনতা বৃদ্ধি | [৬.৩.১] প্রশিক্ষণপ্রাপ্ত পরিবার | সমুদ্র সম্পদের টেকসই ব্যবস্থাপনার লক্ষ্যে আয়োজিত সভা, সেমিনার, কর্মশালায় অংশগ্রহণকৃত উপকূলীয় জনগোষ্ঠী | পরিবেশ অধিদপ্তর | | পরিবেশ অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| [৬.৪] সামুদ্রিক ইকোসিস্টেম-এর টেকসই ব্যবস্থাপনা ও pH পরিবীক্ষণের লক্ষ্যে অধিদপ্তরের জনবলের সক্ষমতা বৃদ্ধি | [৬.৪.১] জনবলের সক্ষমতা বৃদ্ধি | সমুদ্র সম্পদের টেকসই ব্যবস্থাপনার লক্ষ্যে দেশে বিদেশে আয়োজিত সভা, সেমিনার, কর্মশালায় ও প্রশিক্ষণে প্রেরিত কর্মকর্তার সংখ্যা | পরিবেশ অধিদপ্তর | | পরিবেশ অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| [৭.১] গবেষণার মাধ্যমে বাঁশের কম্পোজিট হতে আসবাবপত্র তৈরি, কঞ্চি কলম পদ্ধতিতে বাঁশ চাষ ও রাসায়নিক সংরক্ষণ প্রয়োগে বাঁশের আয়ুষ্কাল বৃদ্ধি প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ প্রদান | [৭.১.১] প্রশিক্ষিত উপকারভোগী | বাঁশের পণ্য তৈরির ব্যবসায়ী এবং আগ্রহী উদ্যোক্তা | বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট | | বিএফআরআই এর বার্ষিক প্রতিবেদন |
| [৭.২] গবেষণার মাধ্যমে বিভিন্ন প্রজাতির কাঠ হতে নতুন বোর্ড তৈরি করা। | [৭.২.১] বিভিন্ন প্রজাতির কাঠ হতে তৈরিকৃত নতুনবোর্ড | বিভিন্ন প্রজাতির কাঠ হতে মাধ্যম ঘনত্বের ফাইবার বোর্ড এবং হার্ডবোর্ড বানানো। গাছের ফাইবারের সাথে ইউরিয়া ফরমালডিহাইড গ্লু মিশিয়ে হট প্রেসের মাধ্যমে এ বোর্ড তৈরি করা হয়। এ ধরণের বোর্ড ফার্নিচার তৈরিতে ব্যবহার করা হয়। | বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট | | বিএফআরআই এর বার্ষিক প্রতিবেদন |
| [৭.৩] গবেষণার মাধ্যমে উত্তোলিত ৬ টি বৃক্ষ প্রজাতির উন্নত ও অধিক ফলনশীল চারা বিতরণ। | [৭.৩.১] বিতরনকৃত চারা | গুনগত মান সম্পন্ন বীজ ও চারার বিষয়ে জনসচেতনতা সৃষ্টি ও এর ব্যবহারকে জনপ্রিয়তা করার লক্ষ্যে জনসাধারনের কাছে বিতরন | বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট | | বিএফআরআই এর বার্ষিক প্রতিবেদন |
| [৭.৪] গবেষণার মাধ্যমে গুণগত মানসম্মত সেগুন, গর্জন, ঢাকিজাম এবং আগর গাছের কলম বীজবাগান সৃজনের লক্ষ্যে র‍্যামেট তৈরি | [৭.৪.১] সৃজিত র‍্যামেট | কাংখিত বৈশিষ্ট্যসম্পন্ন মাতৃবৃক্ষ থেকে সায়ন (কুঁড়ি) সংগ্রহ করে গুণগত মানসম্পন্ন একই প্রজাতির গাছের বীজের চারার কান্ডে সংযুক্ত বা গ্রাফটিং করা | বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট | | বিএফআরআই এর বার্ষিক প্রতিবেদন |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পুরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| মন্ত্রণালয় | পানি সম্পদ মন্ত্রণালয় | প্রশিক্ষণপ্রাপ্ত পরিবার | সমুদ্র সম্পদের টেকসই ব্যবস্থাপনার লক্ষ্যে সভা, সেমিনার, কর্মশালায় উপকূলীয় জনগোষ্ঠীর অংশগ্রহণ নিশ্চিতকরণ | উপকূলীয় জনগোষ্ঠীর মাঝে সচেতনতা সৃষ্টির প্রয়োজনে। | সমুদ্র সম্পদের টেকসই ব্যবস্থাপনার লক্ষ্যে জনগণকে উদ্বুদ্ধ করা সম্ভব হবেনা। |
| মন্ত্রণালয় | শিল্প মন্ত্রণালয় | সনাতন পদ্ধতির ইটভাটাকে উন্নত প্রযুক্তির ইটভাটায় রূপান্তরের কাভারেজ | পরিবেশগত বিধিবিধান পালনের প্রতিশ্রুতি ও মনোভাব | শিল্প প্রতিষ্ঠান/উদ্যোক্তা পরিবেশগত বিধিবিধান পালনে সচেষ্ট না থাকলে উন্নত প্রযুক্তির ইটভাটা স্থাপন ব্যাহত হবে | শিল্প দূষণ বৃদ্ধি পাবে। |
| মন্ত্রণালয় | শিল্প মন্ত্রণালয় | ওজোন স্তর ক্ষয়কারী দ্রব্যের হ্রাসকৃত ব্যবহার | ওজোন স্তর ক্ষয়কারী দ্রব্যের ব্যবহার হ্রাসের মনোভাব ও উদ্যোগ | ওজোন স্তর ক্ষয়কারী দ্রব্যের ব্যবহার পুরোপুরি হ্রাসের জন্য | ওজোন স্তর ক্ষয়কারী দ্রব্যের ব্যবহার পুরোপুরি হ্রাস পাবেনা |
| মন্ত্রণালয় | স্থানীয় সরকার বিভাগঃ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | সেবা গ্রহণকারী ব্যক্তি/ প্রতিষ্ঠান/ উদ্যোক্তা | নিয়মিত তরল বর্জ্য নমুনা বিশ্লেষণের জন্য আবেদন দাখিল | পরিবেশগত বিধিবিধান পালনে সচেষ্ট না থাকলে তরল বর্জ্য নমুনা বিশ্লেষণের উদ্দেশ্য ব্যাহত হবে | পরিবেশ দূষণ বৃদ্ধি পাবে। |
| মন্ত্রণালয় | স্থানীয় সরকার বিভাগঃ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | ECA ব্যবস্থাপনায় সম্পৃক্ত উপকার ভোগী | জনসাধারনের সম্পৃক্ততা নিশ্চিতকরণ | কার্যক্রম সফল বাস্তবায়নের জন্য | পরিবেশগত সংকটাপন্ন এলাকা (ECA) ব্যবস্থাপনার কাজ ব্যাহত হবে |
| মন্ত্রণালয় | নৌ-পরিবহন মন্ত্রণালয় | বঙ্গোপসাগরের পানির গুণগত মান পরিবীক্ষণ | বঙ্গোপসাগরে প্রবেশের জন্য অনুমতি ও পরিবহণ ব্যবস্থা প্রদান এবং ল্যাব সুবিধাসহ কারিগরী সহায়তা প্রদান | সমুদ্রের পানির দূষণ প্রতিরোধের জন্য নিয়মিত পরিবীক্ষণ প্রয়োজন। | বঙ্গোপসাগরের পানির গুণগত মান মনিটর করা সম্ভব হবেনা। |
| মন্ত্রণালয় | শিল্প মন্ত্রণালয় | শিল্প কারখানায় দূষণ নিয়ন্ত্রণে Effluent Treatment Plant (ETP) কাভারেজ | পরিবেশগত বিধিবিধান পালনের প্রতিশ্রুতি ও মনোভাব | পরিবেশগত বিধিবিধান পালনে সচেষ্ট না থাকলে ETP স্থাপন ত্বরান্বিত হবেনা। | শিল্প দূষণ বৃদ্ধি পাবে। |
| মন্ত্রণালয় | নৌ-পরিবহন মন্ত্রণালয় | সমুদ্রের পানির pH বিশ্লেষণ | বঙ্গোপসাগরে প্রবেশের জন্য অনুমতি ও পরিবহণ ব্যবস্থা প্রদান এবং ল্যাব সুবিধাসহ কারিগরী সহায়তা প্রদান | সমুদ্রের পানির দূষণ প্রতিরোধের জন্য নিয়মিত পরিবীক্ষণ প্রয়োজন। | বঙ্গোপসাগরের পানির গুণগত মান মনিটর করা সম্ভব হবেনা। |